



## The New Age



Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan, among others, attends the prize distribution ceremony of Disaster Hackathon 2.0 at the DU Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban on Thursday. — Press release

# Advanced research needed to deal with natural disasters: DU VC

### Staff Correspondent

DHAKA University vice-chancellor Professor Niaz Ahmed Khan at an event in Dhaka emphasised that researchers, teachers, policy makers and all concerned must work together to deal with natural disasters conducting state-of-the-art research in a proper manner.

Bangladesh has several achievements in dealing with natural disasters. The young generation has to play an effective role in developing different strategies in disaster management, he said this while addressing as chief guest at the prize distribution ceremony of Disaster Hackathon 2.0 at

the DU Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban on Thursday.

He also emphasised on disaster management, use of science and technology, formation of research funds and new innovations.

The DU disaster science and climate resilience department, meteorology department, FourWarn Bangladesh, and Open Mapping Hub-Asia Pacific jointly organised the competition.

DU earth and environmental sciences faculty dean Professor Kazi Matin Uddin Ahmed, meteorological department chairperson Fatima Akhtar, Jahangirnagar University remote sensing and GIS institute director Profes-

sor Nurul Islam, Bangladesh Meteorological Department meteorologist Bazlur Rashid, Start Network CEO Christina Bennett and Open Mapping Hub-Asia Pacific regional director Nama Budhataki spoke as special guests at the award ceremony, which was presided over by Start Fund Bangladesh country manager Sajid Raihan.

Eighty four university level teams participated in this hackathon competition. Bangladesh University of Engineering and Technology's Team Sidr won the first place while the DU Team Sonderers got the second place and Team Relief Tech Squared got the third place, said a DU press release on Friday.



১৭ কার্তিক ১৪৩১

DU in Media

02 November 2024

## আজকালের খবর



### টাবি সলিমুল্লাহ মুসলিম হলে বৃক্ষরোপণ কর্মসূচি

ঢাকা বিশ্ববিদ্যালয় সলিমুল্লাহ মুসলিম হলে গতকাল শুক্রবার এক বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান হল প্রাঙ্গণে একটি জলপাই গাছের চারা রোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন। পরে হল প্রাধ্যক্ষ ড. আব্দুল্লাহ-আল-মামুন-এর সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. এম আনোয়ার হোসেন, সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ ড. মো. ফারুক শাহ এবং হলের আবাসিক শিক্ষক ও পরিবেশ ক্লাবের সদস্যরা উপস্থিত ছিলেন।

## নয়াদিগন্ত



ঢাকা বিশ্ববিদ্যালয় সলিমুল্লাহ মুসলিম হলে বৃক্ষরোপণ করছেন ডিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। নয়াদিগন্ত

### টাবি সলিমুল্লাহ মুসলিম হলে বৃক্ষরোপণ

ঢাকা বিশ্ববিদ্যালয় (টাবি) সলিমুল্লাহ মুসলিম হলে গতকাল ১ নভেম্বর শুক্রবার এক বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান হল প্রাঙ্গণে একটি জলপাই গাছের চারা রোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন। পরে হল প্রাধ্যক্ষ ড. আব্দুল্লাহ-আল-মামুন-এর সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. এম আনোয়ার হোসেন, সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ ড. মো. ফারুক শাহ এবং হলের আবাসিক শিক্ষক ও পরিবেশ ক্লাবের সদস্যরা উপস্থিত ছিলেন।

ডিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পরিবেশ সংরক্ষণ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ করে বলেন, এ ক্ষেত্রে তরুণ প্রজন্মকে আরো বেশি করে সক্রিয় হতে হবে। পরিবেশ সংরক্ষণে বৃক্ষরোপণ কর্মসূচি ও স্বেচ্ছাসেবী কার্যক্রম আরো জোরদার করা হবে। বিভাগি।



## ভোরের কাগজ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আশী চৌধুরী সিনেট ভবনে প্রধান অতিথি হিসেবে 'ডিজাস্টার হ্যাণ্ডবুক ২.০'-এর বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। বিজ্ঞপ্তি

## মানবজমিন



ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের আয়কর রিটার্ন অনলাইনে দাখিলের সু বিধগর্ভ 'ই-রিটার্ন' বিষয়ক এক প্রশিক্ষণ কর্মশালা ৩১শে অক্টোবর অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। যুগ্ম-কর কমিশনার মো. ফারজানু লইসলাম মূ ল্পবন্ধ উপস্থাপন করেন। রেজিস্ট্রার মুন্সী শামস উদ্দিন আহম্মদ অনুষ্ঠান সম্বালন করেন। বিজ্ঞপ্তি

## ঢাবি উপাচার্য দুর্যোগ মোকাবিলায় দরকার অত্যাধুনিক গবেষণা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সঠিক প্রক্রিয়ায় প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় লক্ষ্যে অত্যাধুনিক গবেষণা কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, এজন্য গবেষক, শিক্ষক, নীতিনির্ধারকসহ সংশ্লিষ্ট সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। গত বৃহস্পতিবার নবাব নওয়াব আশী চৌধুরী সিনেট ভবনে 'ডিজাস্টার হ্যাণ্ডবুক ২.০'-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ডিজাস্টার সায়েন্স অ্যান্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগ, আবহাওয়াবিজ্ঞান বিভাগ, আন্তর্জাতিক সংস্থা স্টার্ট নেটওয়ার্ক-এর অংশ ফোরওয়ার্ড বাংলাদেশ এবং ওপেন ম্যাপিং হাব-এশিয়া প্যাসিফিক যৌথভাবে এই হ্যাণ্ডবুক প্রতিযোগিতা আয়োজন করে।

স্টার্ট ফান্ড বাংলাদেশের কার্টি ম্যানেজার সাজিদ রায়হানের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী মতিন উদ্দিন আহমেদ, আবহাওয়াবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন ড. ফাতিমা আক্তার, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব রিমোট সেন্সিং অ্যান্ড জিআইএস-এর পরিচালক অধ্যাপক ড. মো. নূরুল ইসলাম, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ মো. বজলুর রশিদ, স্টার্ট নেটওয়ার্ক-এর সিইও ক্রিস্টিনা বোনেট এবং ওপেন ম্যাপিং হাব-এশিয়া প্যাসিফিক-এর আঞ্চলিক পরিচালক নামা বৃথাকি বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান দুর্যোগ ব্যবস্থাপনা, বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার, গবেষণা তহবিল গঠন এবং নতুন নতুন উদ্ভাবনের ওপর গুরুত্বারোপ করে বলেন, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশের বেশকিছু অর্জন রয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনায় বিভিন্ন কৌশল উদ্ভাবনের লক্ষ্যে তরুণ প্রজন্মকে কার্যকর ভূমিকা পালন করতে হবে। তরুণ প্রজন্মের মেধা বিকাশে নিয়মিতভাবে 'ডিজাস্টার হ্যাণ্ডবুক' আয়োজনের ওপর তিনি গুরুত্বারোপ করেন।



## আলোকিত বাংলাদেশ



# ঢাবি কোষাধ্যক্ষের সঙ্গে জাইকা প্রতিনিধিদলের সাক্ষাৎ

### ● আলোকিত ডেস্ক

ঢাকাস্থ জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি'র (জাইকা) সিনিয়র রিপ্রেজেন্টেটিভ কোমোরি তাকাশি-এর নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী'র সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন

জাইকার রিপ্রেজেন্টেটিভ ইহা চিনাতসু এবং সিনিয়র প্রোগ্রাম অফিসার আলীমুল হাসান। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ড. আব্দুল্লাহ-আল-মামুন উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তারা জাইকার আর্থিক সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি ছাত্রী হল নির্মাণ, ছাত্রীদের দক্ষতা উন্নয়ন ও বিশ্ববিদ্যালয়ের সক্ষমতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে উন্নয়ন প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।